



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস-রিলিজ

তারিখঃ ২৭.১১.২০১৯ খ্রিঃ

BECK প্রকল্পের তৃতীয় সমন্বয় সভায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের ৫ শিক্ষকের যোগদান

গত ১২ নভেম্বর ২০১৯ তারিখ থেকে ১৫ নভেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত লিথুয়ানিয়ার ভিলনিয়াস গেদিমিনাস টেকনিক্যাল ইউনিভার্সিটিতে BECK প্রকল্পের (প্রকল্প শিরোনাম: রাশিয়া, শ্রীলঙ্কা ও বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোতে জ্বালানি দক্ষতা ও জলবায়ু পরিবর্তন সম্পর্কিত ভোক্তা আচরণের সঙ্গে শিক্ষাকে একীভূতকরণ) তৃতীয় সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সমন্বয় সভায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক BECK প্রকল্পের প্রকল্প পরিচালক ড. ধীমান কুমার রায় এর নেতৃত্বে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ৫ জন শিক্ষকের একটি গবেষক দল অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারী গবেষক দলের অন্যান্য সদস্যরা হলেন ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের শিক্ষক আবু জাফর মিয়া, সুখেন গোস্বামী, মুহাঃ ইলিয়াস মাহমুদ এবং উদ্ভিদ বিজ্ঞান বিভাগের শিক্ষক ড. সুব্রত কুমার দাস। প্রকল্পটি ইউরোপিয় ইউনিয়ন এবং ইরাস্মাস মুন্ডাস এর অর্থায়নে পরিচালিত। এ প্রকল্পটি বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের শিক্ষা ও গবেষণা কার্যক্রমের মান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে সভায় অংশগ্রহণকারী গবেষকরা আশাপ্রকাশ করেন। লিথুয়ানিয়া সফর শেষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ৫ শিক্ষকের প্রতিনিধি দলটি গত ২৫ নভেম্বর ২০১৯ তারিখ বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন এর সাথে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন। এ সময় উপাচার্য মহোদয় শিক্ষকদের গবেষণা কার্যক্রমে বেশি বেশি অংশগ্রহণের প্রয়োজনীয়তা উল্লেখ করে বলেন, আপনাদের মাধ্যমেই শিক্ষার্থীরা তাদের শিক্ষা ও গবেষণার মানকে উন্নত করে ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবেলায় নিজেদেরকে উপযুক্ত ভাবে গড়ে তুলতে সক্ষম হবে এবং বরিশাল বিশ্ববিদ্যালয়কে একটি আন্তর্জাতিক মানের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে পরিনত করতে এ ধরনের সেমিনার ও সিম্পোজিয়ামে অংশগ্রহণের কোন বিকল্প নেই। উল্লেখ্য, এ প্রকল্পের ১ম সভা শ্রীলঙ্কায় এবং ২য় সভা ইংল্যান্ডে অনুষ্ঠিত হয়েছিল।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস